



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৩ এপ্রিল ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

নববর্ষের শুভেচ্ছা বার্তায় ইউপিডিএফ

জনগণ ভয়-ভীতিহীন মুক্ত পরিবেশ চায়

পার্বত্য চট্টগ্রামে পূর্ণস্বায়ত্তশাসন প্রতিষ্ঠার দাবিতে আন্দোলনরত রাজনৈতিক দল ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর সভাপতি প্রসিত খীসা আজ ১৩ এপ্রিল ২০২৩, বৃহস্পতিবার সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বার্তায় পাহাড় ও সমতলের জনগণের প্রতি বাংলা নববর্ষের শুভেচ্ছা জানিয়েছেন।

জীর্ণ পাতার মতো বহুল বিতর্কিত নৈশ ভোটে ক্ষমতাসীন সরকারকেও বিদায় নিতে হবে মন্তব্য করে শুভেচ্ছা বার্তায় ইউপিডিএফ নেতা বলেন, 'পাহাড় ও সমতলের জনগণ ভয়-ভীতিহীন মুক্ত পরিবেশে জীবন-যাপন করতে চায়'। দেশে একটি সত্যিকার গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠার লক্ষ্যে পাহাড় ও সমতলে ঐক্যবদ্ধ আন্দোলনের ওপর তিনি বিশেষ গুরুত্ব আরোপ করেন।

সংবাদ মাধ্যমে প্রদত্ত নববর্ষের শুভেচ্ছা বার্তায় ইউপিডিএফ নেতা রাষ্ট্রীয় সংস্থার মদদে রোয়াংছড়িতে ৮ বম পাড়াবাসীকে হত্যাসহ পাহাড়ে নানা ধংসাত্মক কাজে লিপ্ত অপরাধীচক্র ও চিহ্নিত কায়েমী স্বার্থবাদী গোষ্ঠীসমূহকে পাকিস্তানি দোসরদের পরিণতি স্মরণ করিয়ে দেন এবং ধংসাত্মক পথ পরিহার করে তাদেরকে সমাজে ফিরে আসার আহ্বান জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।